



টিকা নিন। আপনার স্মার্টফোন নিন। ব্যবহার করা শুরু করুন।

V-safe কী?

V-safe টেক্সট বার্তা এবং ওয়েব সার্ভে/জরিপের মাধ্যমে স্বকীয় এবং গোপনীয় স্বাস্থ্য পরীক্ষা সরবরাহ করে যাতে আপনি বা আপনার উপর নির্ভরশীল কেউ কোভিড-১৯ টিকা পাওয়ার পরে কেমন বোধ করছেন তা দ্রুত ও সহজেই CDC-র সাথে শেয়ার করতে পারেন। নাম তালিকাভুক্ত করতে মাত্র কয়েক মিনিট সময় লাগে এবং **v-safe** -এ আপনার অংশগ্রহণ প্রত্যেকের জন্য কোভিড-১৯ টিকার সুরক্ষা পর্যবেক্ষণ করতে আমাদেরকে সাহায্য করে।

V-safe-এ রয়েছে:

- আপনার উপর নির্ভরশীলদেরকে তালিকাভুক্ত করুন এবং তাদের পক্ষে চেক-ইন সম্পন্ন করুন
- প্রথম, দ্বিতীয়, অতিরিক্ত এবং বুস্টার ডোজের পরে আপনি কেমন বোধ করছেন তা লিখুন এবং রিপোর্ট করুন

আমি কিভাবে তালিকাভুক্ত করতে পারি এবং এটি কিভাবে কাজ করে?

আপনি আপনার স্মার্টফোন ব্যবহার করে এবং vsafe.cdc.gov-এ গিয়ে কোভিড-১৯ টিকার যেকোনো ডোজের পর **v-safe** -এ নাম তালিকাভুক্ত করতে পারেন।

প্রতিটি টিকা দেওয়ার পরে প্রথম সপ্তাহে, **v-safe** আপনাকে প্রতিদিন আপনি কেমন বোধ করছেন তা জানতে চেয়ে একটি টেক্সট বার্তা পাঠাবে। এরপর, আপনি মাঝেমধ্যে চেক-ইন পাবেন, যা আপনি যেকোনো সময় বন্ধ করতে পারেন। আপনার উত্তরের উপর নির্ভর করে, CDC থেকে কেউ আরো তথ্যের জন্য কল করতে পারে। **v-safe** -এ আপনার ব্যক্তিগত তথ্য সুরক্ষিত থাকে তাই এটি নিরাপদ ও গোপনীয়*।

আমি কিভাবে আমার উপর নির্ভরশীলদেরকে তালিকাভুক্ত করতে পারি?

আপনি **v-safe**-এ টিকা দেওয়ার যোগ্য এমন যেকোনো পরিবারের সদস্য (বা বন্ধু)কে তালিকাভুক্ত করতে পারেন। ১৬ বছরের কম বয়সী শিশুদের অবশ্যই মা-বাবা অথবা অভিভাবকের **v-safe** অ্যাকাউন্ট ব্যবহার করে তালিকাভুক্ত করতে হবে। আপনি আপনার বিদ্যমান অ্যাকাউন্টে একজন নির্ভরশীলকে যুক্ত করতে পারেন অথবা যদি আপনার আগে থেকে না থাকে তাহলে একটি নতুন অ্যাকাউন্ট তৈরি করতে পারেন। একজন নির্ভরশীলকে তালিকাভুক্ত করার জন্য অ্যাকাউন্ট তৈরি করতে আপনাকে নিজের টিকা দেওয়ার তথ্য অথবা নিজের জন্য স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করার প্রয়োজন নেই।

ধাপে ধাপে নির্দেশাবলী প্রয়োজন? ভিজিট করুন: www.cdc.gov/vsafe

***v-safe** CDC, FDA এবং অন্যান্য ফেডারেল এজেন্সি কর্তৃক পরিচালিত বিদ্যমান তথ্য সিস্টেম ব্যবহার করে। এই সিস্টেমগুলো তথ্য গোপন রাখার জন্য কঠোর নিরাপত্তা ব্যবস্থা ব্যবহার করে। এই ব্যবস্থাগুলো, প্রযোজ্য ক্ষেত্রে, নিম্নলিখিত ফেডারেল আইন মেনে চলে, গোপনীয়তা আইন ১৯৭৪ সহ; স্বাস্থ্য বীমা বহনযোগ্যতা ও জবাবদিহিতা আইন ১৯৯৬ (HIPAA); ফেডারেল তথ্য নিরাপত্তা ব্যবস্থাপনা আইন এবং তথ্যের স্বাধীনতা আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ মানদণ্ড কার্যকর করা হয়েছে।



আপনার স্মার্টফোনের
ব্রাউজার থেকে সাইন আপ
করুন vsafe.cdc.gov টিকানায়

আপনার বন্ধবান্ধব এবং CDC-র
সাথে শেয়ার করুন যে আপনি
v-safe ব্যবহার করছেন!
সেলফিপোস্ট করুন এবং
#BeSafeVSafe হ্যাশট্যাগ ব্যবহার
করুন



**v-safe-এর ব্যাপারে কোনো সাহায্য
প্রয়োজন?**
800-CDC-INFO (800-232-4636) নম্বরে
কল করুন
TTY 888-232-6348
২৪ ঘন্টা, সপ্তাহে ৭ দিন খোলা
www.cdc.gov/vsafe-এ ভিজিট করুন

